দৈনিক জনকণ্ঠ

তারিখ 20 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# জাবিতে ভর্তি পরীক্ষা পদ্ধতিতে পরিবর্তন বিপাকে ভর্তিচ্ছুরা

**জাবি সংবাদদাতা ॥** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষার ঠিক আগ মুহূর্তে এসে পরীক্ষা পদ্ধতি পরিবর্তন করার সিদ্ধান্তে বিপাকে পড়েছে জাবিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা। জাবিতে মোট ৬টি অনুষদ ও দুটি ইনস্টিটিউটের মধ্যে শুধু কলা ও মানবিকী অনুষদে বিষয়ভিত্তিক পরীক্ষার পদ্ধতি রয়েছে। গত কয়েকবছর যাবত কলা ও মানবিকী অনুষদে বিষয়ভিত্তিক পরীক্ষা চালু থাকলেও ২০১৬-১৭ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় বিষয়ভিত্তিক পরীক্ষার পরিবর্তে ইউনিটভিত্তিক পরীক্ষা চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটি। ভর্তি পরীক্ষার নিকটবর্তী সময়ে এসে পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের এমন সিদ্ধান্ত গ্রহণের ফলে বিপাকে পড়েছে কলা ও মানবিকী অনুষদে ভর্তিচ্ছু পরীক্ষার্থীরা। বিষয়ভিত্তিক পরীক্ষার ক্ষেত্রে নির্দিষ্ট বিষয়কে প্রাধান্য দিয়ে প্রশ্নপত্র প্রণয়ন করা হয়। এ কারণে শিক্ষার্থীদের প্রস্তুতিও নির্দিষ্ট বিষয়কেন্দ্রিক। এমতাবস্থায় ভর্তি পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের কারণে এই স্বল্প সময়ের মধ্যে ইউনিটভিত্তিক পরীক্ষার প্রস্তুতি নেয়া বেশ কষ্টসাধ্য। ফলে চরম অনিশ্চয়তার মধ্যে পড়েছে হাজার হাজার ভর্তিচ্ছু শিক্ষার্থী। সি ইউনিটে ইউনিটভিত্তিক পরীক্ষা হলে যারা শুধুমাত্র জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তুতি নিয়েছে তাদের সিলেবাসে আমূল পরিবর্তন আসবে। ইউনিটভিত্তিক পরীক্ষার সিলেবাস বিষয়ভিত্তিক পরীক্ষার সিলেবাস থেকে আলাদা হওয়ায় বিষয়ভিত্তিক প্রস্তুতি নেয়া শিক্ষার্থীরা পড়বে বিপাকে। অন্যদিকে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ না থাকায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে দ্বিতীয়বার পরীক্ষায় অংশগ্রহণকারী ভর্তিচ্ছুদের অধিকাংশই কলা ও মানবিকী অনুষদের জন্য বিষয়ভিত্তিক পরীক্ষার প্রস্তুতি নিয়েছে। পরীক্ষা পদ্ধতি পরিবর্তনের এই আকস্মিক সিদ্ধান্তে এসব ভর্তিচ্ছু শিক্ষার্থীরা বঞ্চিত হবেন। বিশ্ববিদ্যালয়ে প্রশাসনের এমন সিদ্ধান্তের কারণে হাজার হাজার ছাত্রছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যে পড়েছে।